দৈনিক বাংলা

তারিখ 06 MAR 1992
পৃষ্ঠা 7 কলাম 6

13

# টিএসসিতে ছাত্র লীগের দুই গ্রুপে গোলাগুলি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে বৃহস্পতিবার সন্ধ্যায় ছাত্রলীগের (শা–অ) দু'টি উপদলের মধ্যে গোলাগুলি হয়েছে।

ছাত্রলীগের 'থার্ড ওয়ার্ড' গ্রুপের সমর্থক বলে পরিচিত একদল তরুণ টিএসসি'র ঢাকা ইউনিভার্সিটি স্ন্যাকসের সামনে

(আটের পাতায় ৫-এর কঃ দ্রঃ)

## টিএসসিতে ছাত্র

(প্রথম পৃঃ পর)

থেকে গুলি বর্ষণ শুরু করলে দু'পক্ষের মধ্যে গোলাগুলি শুরু হয়। ছাত্রলীগের প্রতিদ্বন্দ্বী গ্রুপটি শামসুন্নাহার হলের সামনে থেকে পাল্টা গুলি বর্ষণ করে। দু'দলের গোলাগুলির সময় টিএসসিতে অবস্থানরত ছাত্র–ছাত্রীদের মধ্যে আতঙ্ক চড়িয়ে পড়ে। দু'পক্ষের মধ্যে ৮/১০ রাউন্ড গুলি বিনিময় হয়। তবে পুলিশ দ্রুত ঘটনাস্থলে এসে দু'পক্ষের মাঝখানে অবস্থান নিয়ে গোলাগুলি থেমে যায়।

সন্ধ্যার পর ছাত্রলীগ (শা–অ) গোলাগুলির ঘটনার প্রতিবাদে টিএসসিতে একটি বিক্ষোভ মিছিল বের করে। মিছিলে বাদল হত্যাকারী ও ছাত্রদলের বিরুদ্ধে শ্লোগান দেয়া হয়।

ছাত্রলীগের (শা–অ) নিয়ন্ত্রণাধীন জগন্নাথ হল, সলিমুল্লাহ হল ও জহুরুল হক হলে এ ঘটনার পর উত্তেজনা বিরাজ করছে। প্রত্যক্ষদর্শীরা জানান, হলগুলির গেটে অস্ত্রধারী তরুণদের পাহারা দিতে দেখা গেছে।